

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২১৮.১৫-৪৬৯,


তারিখ : ২৬/৮/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ ফ্রি ল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ফি নির্ধারণ প্রসংগে।

- সূত্রঃ (১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং-৩৪.০০.০০০০.০৬০.২৫.০০৭.১৫-১৪৩, তারিখ : ০৪-০৮-২০১৬খ্রিঃ
(২) অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ০৭.০০.০০০০.১৪৫.৩৬.০০১.১৫(অংশ-১)-৮২, তারিখ : ০৪-০৮-২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের শিক্ষিত বেকার যুবগোষ্ঠির অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন জেলা ও যুব প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় ফ্রি ল্যান্সিং/আউট সোর্সিং কোর্স [ডিজিটাল মার্কেটিং/এসইও (সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন), গ্রাফিক্স ডিজাইন এবং ওয়েব ডিজাইনিং কোর্স] পরিচালিত হচ্ছে। কোর্সটির ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও ৩০০০/- টাকা কোর্স ফি নির্ধারিত থাকায় বেকার যুব ও যুবনারীদের পক্ষে সহজে প্রশিক্ষণ গ্রহণ করা সম্ভব হয়ে উঠে না মর্মে কর্তৃপক্ষ অবহিত হয়েছেন। সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে কোর্সটির জনপ্রতি ফি ৩০০০/- টাকা হতে জনপ্রতি ১০০০/- (এক হাজার) টাকায় পুনঃনির্ধারণ করা হয়েছে।

০২। এমতাবস্থায় এখন হতে বর্ণিত কোর্সের ফি ১০০০/- (এক হাজার) টাকা গ্রহণপূর্বক কোর্সে ভর্তি করে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ শুরুর ০৭(সাত) কর্মদিবসের মধ্যে কোর্স ফি বাবদ আহরিত অর্থ সরকারী কোষাগারে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


(ফাতেমা বেগম)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৩২৮৩।

প্রাপক

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সকল) জেলা।
০২। কো-অর্ডিনেটর, প্রশিক্ষণ কেন্দ্র----- (১০টি)।
০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, প্রশিক্ষণ কেন্দ্র----- (৪৪টি)।

অনুলিপি :

- ০১। উপ-সচিব (যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। অফিস কপি।